



রাজশাহীতে কমেছে পিইসি পরীক্ষার্থী, বেড়েছে এবতেদায়িতে

প্রকাশিত: ১৬ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ আগামীকাল (রবিবার) থেকে দেশব্যাপী শুরু হচ্ছে চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। এ বছর রাজশাহীতে পিইসি পরীক্ষার্থীর সংখ্যা গতবারের তুলনায় কমেছে। তবে বেড়েছে মাদ্রাসা শিক্ষার এবতেদায়ি পরীক্ষার্থীর সংখ্যা। রাজশাহী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় থেকে এসব তথ্য জানা গেছে। শিক্ষা অফিস সূত্র জানায়, এ বছর রাজশাহী জেলায় মোট পিইসি পরীক্ষার্থীর সংখ্যা ৪১ হাজার ৫৬৫ জন। গত বছর পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৫ হাজার ৫৬০ জন। সেই হিসেবে এবার পিইসিতে পরীক্ষার্থী কমেছে ৩ হাজার ৯৯৫ জন। এদিকে এ বছর রাজশাহীতে এবতেদায়ির পরীক্ষার্থীর সংখ্যা ৪ হাজার ৪৪৪ জন। গতবার এই সংখ্যা ছিল ৪ হাজার ২০৮ জন। সেই হিসেবে এবার এবতেদায়ির পরীক্ষার্থী বেড়েছে ২৩৬ জন।

এ বছর রাজশাহী জেলা ও মহানগরের ১১৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এবার নগরীর বোয়ালিয়া থানা শিক্ষা কর্মকর্তার কার্যালয়ের অধীন ১৫টি কেন্দ্রের অধীনে পিইসি পরীক্ষায় বসবে ৭ হাজার ৮০৮ শিক্ষার্থী। এদের মধ্যে ছাত্র ৩ হাজার ৮০০ জন ও ছাত্রী ৪ হাজার ৮ জন। এবতেদায়ির পরীক্ষার্থীর সংখ্যা ৪৩১ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা ২৬০ জন ও ছাত্রী ১৭১ জন।

নগরের বাইরে জেলার ৯ উপজেলার মধ্যে গোদাগাড়ীতে কেন্দ্রের সংখ্যা ১৩টি। এই উপজেলায় পিইসির পরীক্ষার্থী ৬ হাজার ৫৬৩ জন। এবতেদায়ির পরীক্ষার্থীর সংখ্যা ৫১৭ জন। চারঘাট উপজেলায় ৭টি কেন্দ্রের অধীনে পিইসিতে অংশগ্রহণ করবে ৩ হাজার ৪১৪ জন। এ উপজেলায় এবতেদায়িতে পরীক্ষার্থীর সংখ্যা ৩১১ জন। জেলার তানোর উপজেলায় পিইসির পরীক্ষার্থী ৩ হাজার ৩১৬ আর এবতেদায়িতে অংশগ্রহণ করছে ৪২৯ শিক্ষার্থী। দুর্গাপুর উপজেলায় কেন্দ্রের সংখ্যা ৯টি। এই উপজেলায় পিইসির পরীক্ষার্থী ২ হাজার ৬৭৮ জন। এখানে এবতেদায়ির পরীক্ষার্থীর সংখ্যা ২৭৭ জন। পুঠিয়া উপজেলায় পিইসিতে পরীক্ষার্থী ২ হাজার ৮২৯ জন। এবতেদায়িতে অংশগ্রহণ করছে ২৮৪ শিক্ষার্থী।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: